CENTRAL LIBRARY N C COLLEGE



**TDC (CBCS) Even Semester Exam., 2019**

বাংলা

( দ্বিতীয় ষাণ্মাসিক )

পাঠক্রম নং : BNGHCC–201T

[ বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ) ]

*পূর্ণমান* : ৭০

*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

প্রতিটি গুচ্ছ থেকে উত্তর দেওয়া আবশ্যক

গুচ্ছ—১

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও ( যে কোনো চারটি) : ১×৪=৪

(ক) 'ইতিহাসমালা' গ্রন্থটির প্রকাশকাল কত?

(খ) প্রথম বাংলা সাময়িক পত্রটির নাম লেখো।

(গ) ফোর্ট উইলিয়ম কলেজের দুজন গদ্যশিল্পীর নাম লেখো।

(ঘ) কাকে 'কেরীর মুন্‌শী' বলা হয়?

(ঙ) 'কস্যচিৎ উপযুক্ত-ভাইপোস্য' কার ছদ্মনাম?

CENTRAL LIBRARY N.C.COLLEGE


২। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) : ২

(ক) 'গৌড়ীয় ব্যাকরণ' কার লেখা? এর প্রকাশকাল কত?

(খ) বাংলা সাহিত্যের প্রথম মৌলিক মুদ্রিত গদ্যগ্রন্থটির নাম লেখো। এর রচয়িতা কে?

৩। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) বাংলা গদ্যের বিকাশের ধারায় ফোর্ট উইলিয়ম কলেজগোষ্ঠীর অবদান আলোচনা করো।

(খ) বাংলা গদ্যের প্রকৃত জনক কে? এ সম্পর্কে তোমার সুচিন্তিত অভিমত দাও।

গুচ্ছ—২

৪। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো চারটি) : ১×৪=৪

(ক) আধুনিক বাংলা গীতিকবিতার প্রবর্তক কে?

(খ) 'ব্রজাঙ্গনা' কাব্যের কবি কে?

(গ) ঈশ্বরগুপ্ত সম্পাদিত পত্রিকাটির নাম কী?

(ঘ) রবীন্দ্রনাথের প্রথম মুদ্রিত কবিতা কোনটি?

(ঙ) 'রূপসী বাংলা' কাব্যগ্রন্থের কবির নাম লেখো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE


৫। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) : ২

(ক) 'মেঘনাদবধ কাব্য'-এর প্রকাশকাল কত? কাব্যটি কোন্ ছন্দে রচিত?

(খ) জীবনানন্দ দাশের প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ কোনটি? তাঁকে 'নির্জনতম কবি' বলে কে আখ্যায়িত করেছেন?

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) বিহারীলাল চক্রবর্তীর কবিকৃতি বিশ্লেষণ করো।

(খ) রবীন্দ্রনাথের 'ঐশ্বর্য' পর্বের কাব্যগ্রন্থগুলির পরিচয় দাও।

গুচ্ছ—৩

৭। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো চারটি) : ১×৪=৪

(ক) 'কীর্তিবিলাস'-এর রচয়িতা কে?

(খ) 'কাল্পনিক সংবদল' কোন্ ইংরেজী নাটকের বঙ্গানুবাদ?

(গ) বাংলা সাহিত্যের প্রথম ঐতিহাসিক নাটক কোনটি?

(ঘ) 'সধবার একাদশী' কার লেখা?

(ঙ) মধুসূদন দত্তের একটি প্রহসনের নাম লেখো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE


৮। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) : ২

(ক) বঙ্কিমচন্দ্র কার, কোন্ নাটকটিকে বাংলার *Uncle Tom's Cabin* বলে অভিহিত করেছেন?

(খ) গিরিশচন্দ্র ঘোষ প্রতিষ্ঠিত দুটি থিয়েটারের নাম লেখো।

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) পৌরাণিক নাটক রচনায় গিরিশ ঘোষের কৃতিত্ব আলোচনা করো।

(খ) দ্বিজেন্দ্রলাল রায়ের ঐতিহাসিক নাটকগুলির পরিচয় দাও।

## গুচ্ছ—৪

১০। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো চারটি) : ১×৪=৪

(ক) বঙ্কিমচন্দ্র স্বয়ং তাঁর কোন্ উপন্যাসটিকে খাঁটি ঐতিহাসিক উপন্যাস বলেছেন?

(খ) রবীন্দ্রনাথের 'রাজর্ষি' কোন্ রাজপরিবারের কাহিনি অবলম্বনে রচিত?

(গ) অপু ও দুর্গা বিভূতিভূষণের কোন্ উপন্যাসের চরিত্র?

(ঘ) শরৎচন্দ্রের কোন্ উপন্যাসে ইংরেজ বিদ্বেষ প্রকাশিত হয়েছে?

(ঙ) 'বঙ্গ সাহিত্যে উপন্যাসের ধারা' গ্রন্থের লেখক কে?

CENTRAL LIBRARY N.C.COLLEGE


১১। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) : ২

(ক) বঙ্কিমচন্দ্রের প্রথম রচিত উপন্যাস কোনটি? এটি কোন্ পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল?

(খ) 'যোগাযোগ' উপন্যাসের রচয়িতা কে? 'বিচিত্রা' পত্রিকায় উপন্যাসটি কি নামে প্রকাশিত হয়েছিল?

১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) বঙ্কিমচন্দ্রের ইতিহাস ও রোমান্সধর্মী উপন্যাসগুলি সম্পর্কে আলোচনা করো।

(খ) শরৎচন্দ্রের সামাজিক উপন্যাসগুলি সম্পর্কে আলোচনা করো।

## গুচ্ছ—৫

১৩। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো চারটি) : ১×৪=৪

(ক) 'পরশুরাম' কার ছদ্মনাম?

(খ) রবীন্দ্র-ছোটোগল্পের দুটি কিশোর চরিত্রের নাম লেখো।

(গ) তারাশঙ্করের প্রথম প্রকাশিত গল্প কোনটি?

(ঘ) 'হারাণের নাতজামাই'-এর লেখক কে?

(ঙ) বাংলা ছোটোগল্প-বিষয়ক একটি সমালোচনা-গ্রন্থের নাম লেখো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE


১৪। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) : ২

(ক) রবীন্দ্রনাথের কোন্ কাব্যগ্রন্থের, কোন্ কবিতায় ছোটোগল্পের সংজ্ঞা ও চরিত্র নির্দেশিত হয়েছে?

(খ) 'অতসী মামী' ও 'প্রাগৈতিহাসিক' গল্প-সংকলন দুটি কার?

১৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) রবীন্দ্র-ছোটোগল্পে মানুষ ও প্রকৃতির যে নিবিড় সম্পর্কের কথা বিধৃত হয়েছে সে বিষয়ে আলোচনা করো।

(খ) "পরশুরামের গল্পের মূল উপজীব্য হাস্যরস।" বিশ্লেষণ করো।

★★★

CENTRAL LIBRARY N.C.COLLEGE

2019/TDC/EVEN/BNGHC–202 T
/064

# TDC (CBCS) Even Semester Exam., 2019

## বাংলা

( দ্বিতীয় ষাণ্মাসিক )

পাঠক্রম নং : BNGHCC–202T

( উনিশ শতকের বাংলা গদ্য ও নাটক )

*পূর্ণমান : ৭০*

*উত্তীর্ণমান : ২৮*

*সময় : ৩ ঘণ্টা*

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

### ক—গুচ্ছ

১। যে-কোন চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) 'সীতার বনবাস' কত খ্রিস্টাব্দে গ্রন্থাকারে প্রথম প্রকাশিত হয়?

(খ) কোন্ নাট্যকার ও কোন্ প্রাচীন কবির কাব্য অবলম্বনে বিদ্যাসাগর 'সীতার বনবাস' রচনা করেন?

(গ) অরুন্ধতী কোন্ ঋষির পত্নী?

(ঘ) মুনি ঋষ্যশৃঙ্গর পিতার নাম কী?

(ঙ) চিত্রকূট কী?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) 'সীতার বনবাস' ছাড়া বিদ্যাসাগরের যে-কোন দুটি অনুবাদ-গ্রন্থের নাম লেখো।

(খ) বিদ্যাসাগর কবে, কোথায় জন্মগ্রহণ করেন?

৩। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) অনুবাদগ্রন্থ হিসাবে 'সীতার বনবাস' গ্রন্থটির মৌলিকতার দিকগুলি সংক্ষেপে আলোচনা করো।

(খ) "বিদ্যাসাগরের সীতা চরিত্রটি করুণরসের আকর।" মন্তব্যটি পর্যালোচনা করো।

খ—গুচ্ছ

৪। যে-কোন চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) বঙ্কিমচন্দ্রের 'বিবিধ প্রবন্ধ' গ্রন্থাকারে কবে প্রথম প্রকাশিত হয়?

(খ) 'বিবিধ প্রবন্ধ'-এর প্রথমভাগ কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

(গ) 'বঙ্গদেশের কৃষক' প্রবন্ধটি কয়টি পরিচ্ছেদে বিভক্ত?

(ঘ) দেসদিমনা কোন্ নাটকের চরিত্র?

(ঙ) 'বিবিধ প্রবন্ধ' গ্রন্থে সর্বমোট কয়টি প্রবন্ধ আছে?





৫। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) 'বিবিধ প্রবন্ধ'-এর 'বাঙালির ইতিহাস' প্রবন্ধটি কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

(খ) কত খ্রিস্টাব্দে চিরস্থায়ী বন্দোবস্ত আইন প্রণীত হয়?

৬। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'চিরস্থায়ী বন্দোবস্ত'-এর ফলে বাংলার চাষীদের জীবনে যে দুর্দশা নেমে এসেছিল 'বঙ্গদেশের কৃষক' প্রবন্ধ অনুসরণে আলোচনা করো।

(খ) বঙ্কিমচন্দ্রের প্রবন্ধ অনুসরণে গীতকাব্যের বৈশিষ্ট্যগুলি লিপিবদ্ধ করো।

গ—গুচ্ছ

৭। যে-কোন চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) 'একেই কি বলে সভ্যতা' প্রহসনটি গ্রন্থাকারে কত খ্রিস্টাব্দে প্রথম প্রকাশিত হয়?

(খ) 'একেই কি বলে সভ্যতা' ছাড়া মাইকেলের অন্য আরেকটি প্রহসনের নাম লেখো।

(গ) কয়টি অঙ্কে 'একেই কি বলে সভ্যতা' প্রহসনটি বিন্যস্ত হয়েছে?

(ঘ) হরকামিনী কে?

(ঙ) কালীনাথের প্রকৃত নাম কী?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৮। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) মাইকেল মধুসূদন কত খ্রিস্টাব্দে, কোথায় জন্মগ্রহণ করেন?

(খ) কালীনাথ কে? তাঁর সম্পূর্ণ নাম কি ছিল?

৯। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) প্রহসন কাকে বলে? 'একেই কি বলে সভ্যতা' প্রহসন হিসাবে সার্থক কি না, বিচার করো।

(খ) "'একেই কি বলে সভ্যতা' প্রহসনে নবকুমার ব্যক্তি চরিত্র হলেও একটি শ্রেণির প্রতিনিধিত্ব করেছে।" আলোচনা করো।

ঘ—গুচ্ছ

১০। যে-কোন চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) 'নীলদর্পণ' কত খ্রিস্টাব্দে প্রথম প্রকাশিত হয়?

(খ) 'নীলদর্পণ' নাটকের ইংরেজি অনুবাদক কে?

(গ) দীনবন্ধু মিত্রের জন্মসাল কত?

(ঘ) 'নীলদর্পণ' ইংরেজিতে অনূদিত হবার পর কি নামকরণ করা হয়েছে?

(ঙ) বিন্দুমাধবের স্ত্রীর নাম কী?





১১। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) 'নীলের দাদন' বলতে কি বোঝ?

(খ) "ঘুঁটে কুড়ানীর ছেলে সদর নায়েব।" কে, কার সম্পর্কে একথা বলেছে?

১২। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'নীলদর্পণ' নাটকের নামকরণের সার্থকতা সংক্ষেপে আলোচনা করো।

(খ) 'নীলদর্পণ' নাটকের নবীনমাধব চরিত্রটি সংক্ষেপে বিশ্লেষণ করো।

ঙ—গুচ্ছ

১৩। যে-কোন চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) 'বিসর্জন' নাটকটি কবে প্রথম গ্রন্থাকারে প্রকাশিত হয়?

(খ) রবীন্দ্রনাথ 'বিসর্জন' নাটকটি কাকে উৎসর্গ করেন?

(গ) গোবিন্দমাণিক্য কোথাকার রাজা?

(ঘ) 'বিসর্জন' নাটকে মোট কয়টি অঙ্ক আছে?

(ঙ) 'বিসর্জন' নাটকটি রবীন্দ্রনাথের কোন্ উপন্যাসের কাহিনী অবলম্বনে রচিত?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



১৪। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) 'বিসর্জন' নাটকের মূল আখ্যানের সঙ্গে কোন্ রাজ্যের ও কোন্ মন্দিরের সম্পর্ক আছে?

(খ) 'বিসর্জন' নাটকে গোবিন্দমাণিক্যের অনুজ ভ্রাতার নাম কী? ভিখারিনী বালিকা কে?

১৫। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'বিসর্জন' নাটকের নামকরণের সার্থকতা সংক্ষেপে বিশ্লেষণ করো।

(খ) জয়সিংহ চরিত্রটি বিশ্লেষণ করো।

* * *